গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dpdt.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০৮.০০০০.০০০.০০১.১১.০২২১.২৫.২৮৯

তারিখঃ ২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

ব্যবহারিক পরীক্ষার নোটিশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের ১৩-১৬তম গ্রেডের ০৪ ক্যাটাগরির ১৮টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে গত ০৬/১১/২০২৬ খ্রি. তারিখে 'মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা'; 'মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা' ও 'মতিঝিল কলোনী উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকায় অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফল ০৭/১১/২০২৬ খ্রি. তারিখে প্রকাশ করা হয়। উক্ত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও নির্বাচিত সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) পদে ১৭ জন, কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) পদে ৩২ জন, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) পদে ৮৯ জন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) পদে ১৯৪ জন সর্বমোট ৩৩২ জন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও নির্বাচিত করা হয়। নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা নিম্নে উল্লিখিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্রম	পদের নাম ও গ্রেড	উত্তীর্ণ ও নির্বাচিত প্রার্থীদের সংখ্যা	ব্যবহারিক পরীক্ষার নাম	ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার স্থান	মন্তব্য
০১.	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	১৭ জন	(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (২) কম্পিউটার মুদ্রাক্ষর	১৬/১১/২০২৬, সোমবার সকাল: ১০:০০ ঘটিকা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭	'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল ৩ অনুযায়ী
০২.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	৩২ জন	(১) কম্পিউটার মুদ্রাক্ষর (২) Standard Aptitude Test	১৬/১১/২০২৬, সোমবার সকাল ১০:০০ ঘটিকা		সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল-২ অনুযায়ী
০৩.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	৮৯ জন	(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (২) কম্পিউটার মুদ্রাক্ষর	১৬/১১/২০২৬, সোমবার সকাল: ১০:০০ ঘটিকা		'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল ৩ অনুযায়ী
০৪.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১৯৪ জন	কম্পিউটার মুদ্রাক্ষর	১৬/১১/২০২৬, সোমবার সকাল: ১০:০০ ঘটিকা		'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এর তফসিল ৪ অনুযায়ী

২। এমতাবস্থায়, বর্ণিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রার্থীকে লিখিত পরীক্ষার প্রবেশপত্র (রঙিন কপি) সঙ্গে আনতে হবে।

০৯/১১/২০২৬

(ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি
ডিপিডিটি
ফোন: ২২৩৩৮৬৫৫৬

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-

১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২) সভাপতি/সদস্য, বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি (ডিপিসি), ডিপিডিটি, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সিস্টেম এনালিস্ট, ডিপিডিটি, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।